

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা হেডকোয়ার্টার্স

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০১.২০২৪-১১২০

তারিখ ০৬ অগ্রহায়ণ ১৪৩১
১৮ নভেম্বর, ২০২৪

বিষয় : বাংলাদেশ জেল পোশাক নীতিমালা, ২০১৬ অনুযায়ী ইউনিফর্ম পরিধান সংক্রান্ত।

সূত্র : ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা অধিশাখা-১, এর পত্র নং-৪৪.০০.০০০০.০২৩.৫১.০০১.২০১৪-৩১৩

তারিখ: ১৬.১০.২০১৬ খ্রি:।

২। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০১৭-১২৭ (৮৮) তাং ২৭.০৩.২০১৭ খ্রি:।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, আপনার অধীনস্থ কারাগারসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সূত্রস্থ স্মারকের আলোকে পোশাক পরিধানের নির্দেশনা প্রদান করা হলেও তা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না; যা শৃঙ্খলা বাহিনীর সদস্য হিসেবে কাম্য নয়। 'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬' প্রতিপালনের পাশাপাশি নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১। গার্ডিং স্টাফদের শার্ট-প্যান্ট পরিহিত অবস্থায় ডিএমএস বুট পরিধান করতে হবে।


২। বয়স ৪০ বছর উর্ধ্ব মহিলা গার্ডিং স্টাফদের গাড় সবুজ (ডীপগ্রীন) শাড়ীর সাথে বরাদ্দকৃত শার্ট পরিধান করতে হবে।

শাড়ী পরিহিত অবস্থায় লেডিস স্যু পরিধান করতে হবে।

৩। বয়স অনূর্ধ্ব ৪০ বছর পর্যন্ত মহিলা গার্ডিং স্টাফদের শার্ট-প্যান্ট ও ডিএমএস বুট পরিধান করতে হবে।

৪। অন্ত:সহা মহিলা গার্ডিং স্টাফদের গাড় সবুজ (ডীপগ্রীন) রঞ্জের শাড়ীর সাথে বরাদ্দকৃত শার্ট পরিধান করিতে হবে।

৫। 'শোল্ডার লেটার' ও 'ব্যাড্জেট অব র্যাংক' কারা কর্মকর্তা ও গার্ডিং স্টাফদের বরাদ্দকৃত পোশাকের শার্টের উভয় কাখে সোনালী রঞ্জের (ধাতব পদার্থ দ্বারা নির্মিত) মনোগ্রাম পরিধান করতে হবে।



মোহাম্মদ মোস্তফা কামাল

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে- কারা মহাপরিদর্শক

add.ig@prison.gov.bd

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর:

২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;

৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;

৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;

৫। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;

৬। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ/ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন/আইন), কারা অধিদপ্তর, ঢাকা;

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);

৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের অবগতির জন্য। এবং

১০। গার্ড ফাইল।